দৈনিক ইনকিলাব

012

তারিখ 21 APR 1989
পৃষ্ঠা 12 কলাম 4

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



ঢাকা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার রুটিন পুনর্বিন্যাসের দাবীতে গতকাল সকালে বোর্ড প্রাঙ্গণে পরীক্ষার্থীগণ অবস্থান ধর্মঘট করে —ইনকিলাব

# এইচএসসি পরীক্ষার রুটিন পুনর্বিন্যাসের দাবীতে ছাত্রদের ধর্মঘট

।। স্টাফ রিপোর্টার ।।

উচ্চ মাধ্যমিক পরীক্ষার রুটিন পুনর্বিন্যাসের দাবীতে ঢাকা বোর্ডের উচ্চ মাধ্যমিক ছাত্র আনেদালন পরিষদ গতকাল সকালে বোর্ড অফিস প্রাংগণে অবসথান ধর্মঘট করে। পরিষদের পক্ষ থেকে বোর্ড কর্তৃপক্ষের কাছে ৩ দফা দাবী সম্বলিত একটি স্মারকলিপিও পেশ করা হয়। অবস্থান ধর্মঘটের সময় সমবেত পরীক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তৃতা করেন পরিষদের আহবায়ক সরদার রাশেদ জাহাঙ্গীর শুভ, মোঃ আবু ছাঈদ স্বপন প্রমুখ। বক্তাগণ আগামী ২৩ এপ্রিলের মধ্যে পুনর্বিন্যাসিত রুটীন প্রকাশের দাবী জানান। অন্যথায় বৃহত্তর আন্দোলন শুরু করা হবে বলে ঘোষণা দেন।

গণতান্ত্রিক/ ছাত্র ইউনিয়নের সভাপতি আখতার সোবহান মাসরুর ও সাধারণ সম্পাদক সুজাউদ্দিন জাফর এক যুক্ত বিবৃতিতে উচ্চ মাধ্যমিক পরীক্ষার রুটীন পুনর্বিন্যাসের দাবী জানিয়েছেন।